# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**06-05-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) ২৫ শে বৈশাখ, শনিবার রবীন্দ্র জয়ন্তীতে রাজ্যে নব নির্বাচিত বিজেপি সরকার শপথ গ্রহণ করবে। আগামীকাল শেষ হচ্ছে চলতি বিধানসভার মেয়াদ।

২) বৃহস্পতিবার সন্ধ্যায় নব নির্বাচিত বিজেপি বিধায়কদের বৈঠকে পরিষদীয় দলের নেতা নির্বাচন করা হবে।

৩)) রাজনৈতিক পালাবদলের সুযোগ নিয়ে কেউ অশান্তি করার চেষ্টা করলে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে পুলিশের তরফে জানানো হয়েছে।

বিজেপিও জানিয়েছে, রাজ্যে কোনোরকম হিংসা বরদাস্ত করা হবে না।

৪) বিভিন্ন জেলায় রাজনৈতিক হিংসা রুখতে নির্বাচন কমিশনের নির্দেশ মত তৎপরতা বাড়িয়েছে জেলা প্রশাসন।

৫) ঘূর্ণাবর্ত ও অনুকূল বায়ু প্রবাহের ফলে দক্ষিণবঙ্গে আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

---

২৫ শে বৈশাখ, শনিবার রবীন্দ্র জয়ন্তীতে রাজ্যে নব নির্বাচিত বিজেপি সরকার শপথ গ্রহণ করবে বলে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন। শপথ গ্রহণ

অনুষ্ঠান নিয়ে নবান্নে আজ মুখ্য সচিব দুষ্যন্ত নারিয়ালার সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি জানান, ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে সকাল ১০ টায় আয়োজিত ঐ শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সহ বিজেপি শাসিত রাজ্যে একাধিক মুখ্যমন্ত্রী উপস্থিত থাকতে পারেন।

আগামীকাল সন্ধ্যায় নব নির্বাচিত বিধায়কদের নিয়ে পরিষদীয় দলের বৈঠক বসবে। সেখানে দলের নেতা নির্বাচন করা হবে।

শ্রী ভট্টাচার্য্য অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস কর্মীরাই বিজেপির পতাকা নিয়ে ঐ দলেরই কর্মীদের ওপর আক্রমণ চালাচ্ছে। তাদের চিহ্নিত করে কড়া পদক্ষেপ নেওয়া হবে। তৃণমূল কংগ্রসের কোনো নেতা কর্মীকে এই মুহূর্তে দলে নেওয়া হবে না। বিজেপিতে তৃণমূলীকরণ চলবে না বলেও স্পষ্ট জানান তিনি। হিংসার সঙ্গে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে রাজনৈতিক দল না দেখে কড়া পদক্ষেপ নেওয়া উচিত বলে মন্তব্য করেন বিজেপি রাজ্য সভাপতি। এব্যাপারে আজ স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষের সঙ্গে তাঁর বৈঠক হয়েছে।

বাইট

মহাকরণ সংস্কারের কাজ এখনও বাকি থাকায় শপথ গ্রহণের পর মন্ত্রিসভার প্রথম বৈঠক বিধানসভার অ্যানেক্স ভবনে হতে পারে বলে জানা গেছে।

শপথ গ্রহণ অনুষ্ঠান নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

----------------------

**বিজেপি সরকার গঠন হওয়ার পর দুষ্কৃতীদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা নেওয়া হবে বলে বিজেপি নেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন।** কলকাতায় আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে সৌজন্য সাক্ষাতের পর এক সাংবাদিক বৈঠকে তিনি অবাধ এবং শান্তিপূর্ণ নির্বাচন পরিচালনার জন্য কমিশনকে ধন্যবাদ জানান। শান্তি বজায় রাখার জন্য সকলের কাছে আবেদন জানান তিনি।

বাইট

-----------------------

রাজ্য বিধানসভার মেয়াদ আগামীকাল শেষ হচ্ছে। ভোট পর্ব শেষে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল, লোকভবনে রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবীর সঙ্গে সাক্ষাত্ করে ফলতা বাদে ২৯৩ টি বিধানসভার গেজেট নোটিফিকেশন এবং ভোটের ফলাফল সংক্রান্ত তথ্য তাঁর হাতে তুলে দেন।

এদিকে, রাজ্যে বিজেপি নিরঙ্কুশ সংখ্যারগরিষ্ঠতা পেলেও তৃণমূল কংগ্রেস নেত্রী বিদায়ী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পদত্যাগ করবেন না বলে জানিয়েছেন। এর ফলে পরবর্তী সরকার গঠন প্রক্রিয়া লোকভবনের ওপরেই নির্ভর করছে।

-----------------------

রাজনৈতিক পালাবদলের সুযোগ নিয়ে কেউ অশান্তি করার চেষ্টা করলে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা জানিয়েছেন। ভবানীভবনে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর পশ্চিম বর্ধমানের আসানসোল, কোচবিহার এবং দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে সবচেয়ে বেশি অশান্তির ঘটনা ঘটেছে। গতকাল পর্যন্ত বিভিন্ন ঘটনা

মিলিয়ে ২০০ টি মামলা দায়ের হয়েছে। গ্রেপ্তার করা হয়েছে ৪৩৩ জনকে। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে এক হাজার একশো জনকে হেফাজতে নিয়েছে পুলিশ।

নিরাপত্তা সুনিশ্চিত করতে খোলা হয়েছে জয়েন্ট কন্ট্রোল রুম। কোনোরকম ভয়ের মুখে পড়ে যদি কেউ অভিযোগ জানাতে না পারেন, সেক্ষেত্রে স্বতঃপ্রণোদিত মামলা করার জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে।

বাইট

মমতা ব্যানার্জীর বাড়ির সামনে থেকে পুলিশ কর্মী প্রত্যাহারের বিষয়ে শ্রী গুপ্তা জানান, বিদায়ী মুখ্যমন্ত্রীর জেড প্লাস সিকিউরিটি ছিল। আগামী দিনেও তা বহাল থাকবে। তিনি আবারও আইন নিজেদের হাতে তুলে না নিয়ে শান্তি শৃঙ্খলা বজায় রাখার আবেদন জানান।

দক্ষিণ কলকাতার বাঁশদ্রোনী এলাকা থেকে আজ সকালে অস্ত্র সমেত এক দৃষ্কৃতীকে গ্রেপ্তার করেছে লালবাজারের অপরাধ দমন শাখা। দিনেশ নগর এলাকা থেকে শুভ ঘোষ নামে ঐ ব্যক্তিকে পাকড়াও করা হয়। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে দুটি বন্দুক ও একটি কার্তুজ।

-----------------------

বিধানসভা নির্বাচনের ফলাফল ঘোষণার পর থেকে আজ পর্যন্ত আইনশৃঙ্খলা ভঙ্গের অভিযোগে কলকাতা পুলিশ ৭৭ জনকে গ্রেপ্তার করেছে। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে গ্রেপ্তার করা হয়েছে ২৩ জনকে। কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার (অপরাধ দমন) সোমাদাস মিত্র জানিয়েছে, এপর্যন্ত মোট ৩৯ টি মামলা রুজু হয়েছে। উদ্ধার হয়েছে তিনটি আগ্নেয়াস্ত্র ও ৬ রাউন্ড কার্তুজ।

এদিকে, ভোট পরবর্তী হিংসা ঠেকাতে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী জিরো টলারেন্স নীতি নিয়ে কাজ করছে বলে কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দ জানিয়েছেন। লালবাজারে আজ কেন্দ্রীয় বাহিনীর আধিকারিককে নিয়ে সাংবাদিক বৈঠকে অশান্তি এড়াতে কোনোরকম প্ররোচনায় পা না দেওয়ার আবেদন জানান তিনি। পুলিশ কমিশনার আরও বলেন, অনুমতি ছাড়া কোনো বিজয় মিছিল করা যাবে না। নিউ মার্কেটে বুলডোজার চালানোর ঘটনায় জড়িত পুলিশ আধিকারিকের শাস্তি হবে বলে তিনি জানান।

কেন্দ্রীয় বাহিনীর আধিকারিক জানান, শহরের নিরাপত্তায় মোতায়েন রয়েছে, ৬৫ কোম্পানী বাহিনী।

-----------------------

নির্বাচন পরবর্তী হিংসা রুখতে মুখ্যসচিব দুষ্যন্ত নারিওয়ালা, আজ সব জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠক করেন। সতর্ক থাকার পাশাপাশি সাধারণ মানুষের আস্থা ফেরাতে সবরকম পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন তিনি।

-----------------------

ভোট পরবর্তী রাজনৈতিক হিংসা রুখতে নির্বাচন কমিশনের নির্দেশ মতো তৎপরতা বাড়িয়েছে বিভিন্ন জেলা প্রশাসন। আজ বিভিন্ন জেলার জেলাশাসক, পুলিশ সুপার এবং কেন্দ্রীয় বাহিনীর আধিকারিকরা সাংবাদিক বৈঠক করে জানান, হিংসা আটকাতে তারা যাবতীয় পদক্ষেপ নিচ্ছেন। ভয় না পেয়ে সাধারণ মানুষকে আরও বেশি সচতেন থাকার পরামর্শ দেন তারা।

**উত্তর ২৪ পরগনা** জেলাশাসক শিল্পা গৌরী সারিয়া জানিয়েছেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যারাকপুর ও বিধাননগর পুলিশ কমিশনারেটের কর্তাদের পাশাপাশি বনগাঁ, বসিরহাট ও বারাসাত জেলা পুলিশের সুপারদের যাবতীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। ভোট পরবর্তী হিংসার সঙ্গে জড়িত শতাধিক অভিযুক্তকে বিভিন্ন এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে। কোনও ধরনের সমস্যায় পড়লে সাধারণ মানুষকে দ্রুত পুলিশ প্রশাসনের সঙ্গে যোগাযোগ করার আবেদন জানিয়েছেন জেলা শাসক।

**দক্ষিণ ২৪ পরগণার** সুন্দরবনের পুলিশ সুপার বিশ্বচাঁদ ঠাকুর জানিয়েছেন, হিংসা রুখতে পুলিশ বদ্ধপরিকর। বিভিন্ন এলাকায় নিয়মিত নজরদারি চালানো হচ্ছে।

**জলপাইগুড়িতে** জেলা পুলিশ সুপার এবং কেন্দ্রীয় বাহিনীর আধিকারিককে নিয়ে সাংবাদিক সম্মেলনে জেলাশাসক সন্দীপ ঘোষ জানান, ভোট পরবর্তী অশান্তি নিয়ে এ পর্যন্ত ছ'টি এফ আই আর দায়ের হয়েছে। ৩৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। নয় কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ও দু হাজার পুলিশ মোতায়েন রয়েছে। জেলা জুড়ে ৬০ টি কুইক রেসপন্স টিম কাজ করছে। বিজেপি কর্মীদের ওপর হামলার ঘটনায় অভিযুক্ত তৃণমূল কংগ্রেস নেতা কৃষ্ণ দাসের খোঁজে তল্লাশি চলছে। এই ঘটনায় যুক্ত থাকার অভিযোগে সাত জনকে গ্রেফতার করেছে পুলিশ।

**শিলিগুড়ি** শহরে বিভিন্ন সংবেদনশীল এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে বলে পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজা জানিয়েছেন। সাংবাদিক বৈঠকে উপস্থিত এসএসবি-র জেলা স্তরের কোঅর্ডিনেটর গৌতম সাগর জানান, কেন্দ্রীয় বাহিনী নির্বাচন কমিশনের নির্দেশ মেনে স্থানীয় পুলিশ প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে কাজ করছে।

**পশ্চিম মেদিনীপুরের** জেলাশাসক বিজয় কৃষ্ণা জানিয়েছেন, এখনও পর্যন্ত হিংসার ঘটনা রুখতে ১৬২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বেশ কয়েকটি গ্রাম পঞ্চায়েত অফিস

তালা মেরে দেওয়ার অভিযোগ সামনে এসেছে। সেই সব কার্যালয় অবিলম্বে খোলার ব্যবস্থা করার নির্দেশ দেওয়া হয়েছে।

**পূর্ব বর্ধমান** জেলায় অশান্তির ঘটনায় ইতোমধ্যেই দেড়শো জনকে গ্রেপ্তার করা হয়েছে। কোনো রকম সমস্যায় পড়লে **১৯৫০** এই নম্বরে ফোন করে অভিযোগ জানানো যাবে বলে জেলা পুলিশ সুপার জানিয়েছেন।

**নদীয়ায়** এখনও পর্যন্ত ৫৫ জনকে আটক ও গ্রেপ্তার করা হয়েছে।

**বাঁকুড়া**র ইন্দাস, পাত্রসায়র সহ বিভিন্ন এলাকা থেকে ৬০ জনকে হেফাজতে নেওয়া হয়েছে।

এদিকে, **হুগলী**র শ্রীরামপুর থেকে আগ্নেয়াস্ত্র সমেত তিন কুখ্যাত দুষ্কৃতীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

---------------------

দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবারে পুজালি পুরসভার তৃণমূল কাউন্সিলার আমিরুল শেখ ইসলামকে পুরনো একটি অস্ত্র মামলায় গ্রেপ্তার করেছে পুলিশ। গত বছর সেপ্টেম্বরে কলকাতা বিমান বন্দর থেকে গুলি সহ আটক করা হয় তাকে। তার ব্যাগ থেকে উদ্ধার করা হয় ৬ রাউন্ড গুলি এবং একটি খালি ম্যাগাজিন। এগুলির বৈধ নথিপত্র পেশ করার জন্য সময় চান কাউন্সিলার। কিন্তু শেষ পর্যন্ত তা জমা দিতে পারেননি তিনি। সাত মাস পর ফের এই মামলা শুরু হওয়ায় গতকাল তাকে গ্রেপ্তার করা হয়।

---------------------

দলের পরবর্তী রণকৌশল স্থির করতে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি আজ জয়ী প্রার্থীদের সঙ্গে বৈঠকে বসেন। কালীঘাটে তার বাড়িতে ওই বৈঠকে তৃণমূল কংগ্রেসের ৮০ জন বিজয়ী প্রার্থীদের মধ্যে ৬৯ জন উপস্থিত ছিলেন বলে খবর। ঐ বৈঠকে বিরোধী দলনেতা কে হবেন, সেই নিয়ে আলোচনা হয়েছে বলেও জানা গেছে।

---------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় পালাবদলের পটভূমি। বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে রাজ্যে নতুন সরকার গঠন করতে চলেছে বিজেপি। আমাদের প্রতিনিধিরা জানার চেষ্টা করেছেন এই রাজনৈতিক পালাবদলের নেপথ্যে কি রয়েছে বলে মনে করছেন সমাজের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনেরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------------

ঘূর্ণাবর্ত ও অনুকূল বায়ু প্রবাহের ফলে দক্ষিণবঙ্গে আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। তবে উত্তরবঙ্গে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে। আজ বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম এবং মুর্শিদাবাদ জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

--------------------- ---------------------